

২০২৫ প্রাথমিক বৃত্তি পরীক্ষা হবে ২১ থেকে ২৪ ডিসেম্বর

ইত্তেফাক ডিজিটাল ডেস্ক

প্রকাশ : ১৯ জুলাই ২০২৫, ১৩:১৪



ছবি: সংগৃহীত।

২০২৫ সালের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ২১ থেকে ২৪ ডিসেম্বর। এ বছর বৃত্তি পরীক্ষা দিতে পারবে শুধু সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের এক প্রজ্ঞাপনে এ কথা বলা হয়েছে।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

চারটি বিষয়ে বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এগুলো হলো—

১. বাংলা

২. ইংরেজি

৩. প্রাথমিক গণিত

৪. বাংলাদেশ ও বিশ্বপরিচয় এবং প্রাথমিক বিজ্ঞান।

পরীক্ষার নম্বর বণ্টন করা হবে যেভাবে—

মোট ৪০০ নম্বরের পরীক্ষা হবে। প্রতিটি বিষয়ে নম্বর বণ্টন হবে—

১. বাংলা- ১০০ নম্বর,

২. ইংরেজি- ১০০ নম্বর,

৩. প্রাথমিক গণিত- ১০০ নম্বর,

৪. বাংলাদেশ ও বিশ্বপরিচয় এবং প্রাথমিক বিজ্ঞান-৫০+৫০= ১০০ নম্বর।

পরীক্ষার সময় থাকবে—

সরকারি প্রাথমিক বৃত্তি পরীক্ষা প্রতিটি বিষয়ে ১০০ নম্বর করে চারটি মোট ৪০০ নম্বরের মধ্যে পরীক্ষা হবে। প্রতিটি পরীক্ষার সময় থাকবে ২ ঘণ্টা ৩০ মিনিট।

বৃত্তি পরীক্ষায় কোনো কোনো প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা অংশ নিতে পারবে—

১. সরকারি প্রাথমিক বিদ্যালয়

২. পিটিআইসংলগ্ন পরীক্ষণ বিদ্যালয়

৩. সরকারি মাধ্যমিক বিদ্যালয়সংলগ্ন প্রাথমিক বিদ্যালয়।

দরকারি তথ্য: সব সরকারি প্রাথমিক বিদ্যালয় ও পিটিআইসংলগ্ন পরীক্ষণ বিদ্যালয় থেকে বৃত্তি পরীক্ষায় অংশ গ্রহণ করা বাধ্যতামূলক করা হয়েছে।

প্রাথমিক বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণকারীর হার—

বর্তমানে পঞ্চম শ্রেণির পড়াশোনা করা শিক্ষার্থীদের প্রথম সাময়িক পরীক্ষার ফলাফল মূল্যায়নের ভিত্তিতে ‘প্রাথমিক বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণকারী’ শিক্ষার্থী নির্বাচন করা হবে। একটি বিদ্যালয় থেকে সর্বোচ্চ ৪০ শতাংশ শিক্ষার্থীকে বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য নির্বাচিত হবে।

*বিস্তারিত তথ্যের জন্য [ওয়েবসাইট](#)